

MODEL QUESTION

Class-XI : PSYCHOLOGY : Half-Yearly Exam. : 2022-23 : Marks - 70

I. সঠিক উত্তরটি বাছাই কর :-

1x10=10

1. প্রথম মনোবৈজ্ঞানিক পরীক্ষাগার লিপজিগে স্থাপিত হয় — (১৭৭৯/১৮৭৮/১৮৭৯ সালে)।
2. ‘Principles of Psychology’ বইটি প্রকাশিত করেন — (Wilhelm Woundt/William James/John Watson)।
3. $B = F(P,E)$ এই সমীকরণটি প্রদান করেন — (Sigmund Frued/Kurl Lewin/Carl Rogers)।
4. Quasi শব্দটি একটি — (গ্রীক/ইংরেজি/ল্যাটিন শব্দ)।
5. সহগতির সহগাঙ্ক — (দুই ধরনের/চার ধরনের/তিন ধরনের) হয়।
6. আমাদের স্নায়ুতন্ত্রে নিউরোন আছে — (১ বিলিয়ন/১২ বিলিয়ন/৩ বিলিয়ন)।
7. মস্তিষ্কের Relay station হল — (থ্যালামাস/লিম্বিক সিস্টেম/সুযুনাশীর্ষক)।
8. মুখ্য গ্রন্থি বলা হয় — (থাইরয়েড গ্রন্থিকে/পিটুইটারি গ্রন্থিকে/অ্যাড্রিনাল গ্রন্থিকে)।
9. প্রাক জন্মস্তর স্থায়ী হয় — (৪০ সপ্তাহ/৬০ সপ্তাহ/৮০ সপ্তাহ)।
10. একজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তির দৃষ্টি হয় — (২/২০ / ২০/২০ / ২০/২১)।

II. একটি শব্দে বা পূর্ণ বাক্যে উত্তর কর :-

1x20=20

11. Psychology শব্দটি কোন্ দুটি গ্রীক শব্দ থেকে এসেছে ?
12. আচরণ কী কী ধরনের হয় ?
13. মস্তিষ্কের প্রতিমূর্তি বিকাশের প্রযুক্তির দুটি উদাহরণ দাও।
14. ক্রিয়াবাদের প্রবক্তা কে ?
15. NIMHANS-এর সম্পূর্ণ নাম লিখ।
16. বিজ্ঞানসম্মত অনুসন্ধানের দ্বিতীয় লক্ষ্যটি কি ?
17. মনোবৈজ্ঞানিক তথ্য বা উপাত্তের দুটি উদাহরণ দাও।
18. প্রাসঙ্গিক চল কয় ধরনের হয় ?
19. সহগতির সহগাঙ্কের মানের প্রসার কত ?
20. প্রশ্নতালিকায় দুধরনের প্রশ্ন ব্যবহৃত করা হয়, সেগুলো কী কী ?
21. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের প্রধান দুটি অংশ কী কী ?
22. করপাস কোলোসামের কাজ কি ?
23. কটিকয়েডস কোন্ গ্রন্থি থেকে নিঃসৃত হয় ?
24. আমাদের জীন মূলত কোন্ অণু দ্বারা গঠিত ?
25. কোন্ বয়স্কাল থেকে গোন্যাডোট্রফিক হরমোনের নিঃসরণ শুরু হয় ?
26. প্রাজ্ঞমানব আনুমানিক কত বছর পূর্বে আবির্ভূত হয় ?
27. ভারতীয় পরিবেশে শিশুর বিকাশের একটি বাস্তবদ্যামূলক মডেল কে প্রবর্তন করেন ?

[Contd...P/2]

28. প্রাক্ জন্মস্তর কাকে বলে ?
29. 'Gender' কী ?
30. Adolescere শব্দটির অর্থ কী ?

III. নিম্নোক্ত প্রশ্নগুলো 20 শব্দের মধ্যে উত্তর কর :-

2x5=10

31. জ্ঞানমূলক মনোবিজ্ঞান কাকে বলে ?
32. অনুমান (Hypothesis) কী ?
33. স্নায়ুতন্ত্রের 'পূর্ণ ও শূন্য' নীতিটি কী ?
34. সামাজিকীকরণ বলতে কী বোঝ ?
35. শিশুরা সর্বপ্রাণবাদে লিপ্ত অবস্থায় কী করে ?

IV. নিম্নলিখিত প্রশ্নগুলো 60 শব্দের মধ্যে উত্তর কর :-

3x4=12

36. 'মানব আচরণের উপলব্ধি সাংস্কৃতিকভাবে নির্মিত' আলোচনা কর।
37. প্রাকৃতিক বনাম নিয়ন্ত্রিত পর্যবেক্ষণ সম্পর্কে লিখ।
38. স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্রের কাজ কি লিখ।
39. অপরাধ প্রবণ শিশু সম্পর্কে লিখ।

V. নিচের প্রশ্নগুলো আশিটি শব্দের মধ্যে উত্তর কর :-

4x2=8

40. মনোবৈজ্ঞানিক অনুসন্ধানের সীমাবদ্ধতাগুলো কি লিখ।

অথবা,

ব্যক্তিগত সাক্ষাৎকার মনোবৈজ্ঞানিক অনুসন্ধানের পদ্ধতি কীভাবে কাজ করে লিখ।

41. জীবনব্যাপি বিকাশের চারটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

VI. 120 শব্দের মধ্যে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লিখ :-

5x2=10

42. মনোবিজ্ঞানের বিষয়বস্তু নিয়ে বিস্তারিত আলোচনা কর।
43. চিত্রসহ নিউরোনের গঠন ও কার্যাবলী বর্ণনা কর।

অথবা,

সামাজিকীকরণের প্রতিনিধি হিসেবে পিতামাতা ও বিদ্যালয়ের ভূমিকা বর্ণনা দাও।

MODEL QUESTION

Class-XI : PSYCHOLOGY : Annual Exam. : 2022-23 : Marks - 70

I. সঠিক উত্তরটি বাছাই কর :-

1x10=10

1. প্রত্যেক চোখে রড কোশ থাকে — (২০ মিলিয়ন/১০ মিলিয়ন/১০০ মিলিয়ন)।
2. রেটিনায় আলোক সংবেদনীয় কোশ রয়েছে — (দুই প্রকারের/পাঁচ প্রকারের/ছয় প্রকারের)।
3. মনোযোগের পরিজ্ঞান তত্ত্বের (Filter theory) প্রবক্তা হলেন — (Johnston/Broadbent/Triesman)।
4. মিলারের 'Magic number' টি হল — (৭±২ / ৯±১ / ৫±১)।
5. অন্তর্দৃষ্টিমূলক শিখনের প্রবক্তা হলেন — (স্কিনার/টেলিম্যান/কোহলার)।
6. পুনঃশক্তি সংগঠন প্রক্রিয়া — (দুই প্রকার/পাঁচ প্রকার/চার প্রকার)।
7. পর্যবেক্ষণমূলক শিখনের কথা বলেছেন — (স্কিনার/বান্দুরা/প্যাভলভ)।
8. স্মৃতি প্রক্রিয়ার তৃতীয় ধাপ হল — (সংকেতায়ণ/পুনরুদ্ধার/সংরক্ষণ)।
9. ক্রেইক ও লকহার্ট প্রক্রিয়াকরণের স্তর উপস্থাপিত করেন — (১৯৭২ সালে/১৯২৭ সালে/১৯৮৭ সালে)।
10. উপাখ্যানমূলক স্মৃতি ও শব্দার্থক স্মৃতির বিভাগটি দিয়েছেন — (Telving/Miller/Baddley)।

II. নীচের প্রশ্নগুলি একটি শব্দে বা পূর্ণ বাক্যে উত্তর কর :-

1x20=20

11. নিশ্চিত সীমা কী ?
12. মানব চক্ষুর ভিতরের স্তরটিকে কী বলা হয় ?
13. মানুষের মধ্যে স্থানগত গ্রাহক কোষের সংখ্যা কত ?
14. মৌলিক রঙ কোনগুলো ?
15. কর্ণে উপস্থিত শ্রবণের প্রধান অঙ্গটি কি ?
16. ADHD-এর সম্পূর্ণ নাম লিখ।
17. 'গ্যাস্টাল্ট' শব্দটির অর্থ কি ?
18. শিখনের সবচাইতে সরলতম পদ্ধতি কোনটি ?
19. প্রাচীন অনুবর্তনের গবেষণাগুলো অনাবর্তিত উদ্দীপকগুলি কি কি ?
20. মডেলিং কি ?
21. ক্যাটাগরি ক্লাস্টারিং সম্পর্কে কে বলেছেন ?
22. ধারণা কাকে বলে ?
23. Systematic desensitisation কোন্ ধরনের therapy ?
24. স্মৃতি প্রক্রিয়ার স্টেজ মডেলটি কারা প্রস্তাবিত করেন ?
25. ক্ষণস্থায়ী স্মৃতির বহু উপাদান সম্পর্কে কে প্রথম প্রস্তাব করেছিলেন ?
26. বিস্মৃতির প্রকৃতি বোঝার জন্য প্রথম সুসংঘবদ্ধ প্রচেষ্টা কে করেন ?
27. Fugue state কী ?
28. কোন কোন ধরনের হস্তক্ষেপের কারণে বিস্মরণ হয় ?
29. বার্টলেট স্মৃতিকে কী প্রক্রিয়া বলেছেন ?
30. PQRSST কৌশলটির উদ্ভাবন কারা করেন ?

[Contd...P/2]

III. নিম্নোক্ত প্রশ্নগুলো 20 শব্দের মধ্যে উত্তর কর :- 2x5=10

31. মনোভৌত (Psycho Physics) কাকে বলে ?
32. মনোযোগ কী ?
33. শিখন কী ?
34. শিখন সঞ্চারন কাকে বলে ?
35. আত্মজীবনীমূলক স্মৃতি কি লিখ।

IV. নিম্নোক্ত প্রশ্নগুলো 60 শব্দের মধ্যে উত্তর কর :- 3x4=12

36. উত্তর প্রতিরূপ সম্পর্কে লিখ।
37. স্মৃতি পৃথকীকরণ বৈশিষ্ট্যগুলো লিখ।
38. অন্তর্নিহিত শিখন নিয়ে আলোচনা কর।
39. পুনরুদ্ধারের ব্যর্থতার কারণে বিস্মরণ কীভাবে হয় ?

V. নিম্নলিখিত প্রশ্নগুলি আশিটি শব্দের মধ্যে উত্তর কর :- 4x2=8

40. চিত্রসহ মানব চক্ষুর বর্ণনা কর।

অথবা,

প্রত্যক্ষমূলক প্রক্রিয়ার নীতিগুলো আলোচনা কর।

41. স্মৃতির পদ্ধতিগুলো আলোচনা কর।

VI. 120 শব্দের মধ্যে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লিখ :- 5x2=10

42. মানব কর্ণের গঠন আলোচনা কর।
43. প্যাভলভ প্রবর্তিত প্রাচীন অনুবর্তনের শিখন পরীক্ষাটি সম্পর্কে লিখ।

অথবা,

শিখন অক্ষমতার পাঁচটি লক্ষণ উল্লেখ কর।